

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ : ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৬-আইন/আয়কর/২০২০।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Aga Khan Development Networks এর লাভজনক প্রতিষ্ঠান Aga Khan Fund for Economic Development (AKFED) এবং উহার অধিভুক্ত কোম্পানির মুনাফা বাংলাদেশে পরিচালিত Aga Khan Development Networks এর অলাভজনক, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের উন্নয়নে দান (gifts, contributions or donations) করিলে উক্ত দান AKFED এবং উহার অধিভুক্ত বাংলাদেশে পরিচালিত কোম্পানির আয়ের উপর উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্ত :

Aga Khan Fund for Economic Development এবং উহার অধিভুক্ত বাংলাদেশে পরিচালিত কোম্পানিকে Income-tax Ordinance, 1984 এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৬৯৩ )

মূল্য : টাকা ৪.০০